



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/শেরপুর-১১৫/ ২৪/১৬

তারিখঃ ৩১/০১/২০১৮খ্রিঃ

বিষয়ঃ ম্যানেজিং কমিটি অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১) স্মারক নং- ০৫.৪৫.৮৯৮৮.০০১.০৮.০১২.১৮-৩৯; তারিখঃ ১১ জানুয়ারি ২০১৮
২) নং- বামাশিবো/প্রশা/শেরপুর-১১৫/২৬২৯/৪; তারিখঃ ৩০/০৭/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার সদর উপজেলাধীন নলবাইদ ইমলামিয়া দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার জনাব উমর ফারুক গত ২৩/০৫/২০১৭খ্রিঃ তারিখে নবগঠিত ম্যানেজিং কমিটির অনুমোদন চেয়ে অত্র বোর্ডে আবেদন করেন। অপরদিকে একই তারিখে অত্র মাদ্রাসার সুপার জনাব মোঃ হামিদুল ইসলাম ভারপ্রাপ্ত সুপার কর্তৃক গৃহিত নিয়মিত ম্যানেজিং কমিটি গঠনের কার্যক্রম স্থগিত করণের জন্য অত্র বোর্ডে একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগপত্রে সবার অজান্তে ও অজ্ঞাতে বর্তমান এডহক কমিটির সভাপতি জনাব আব্দুল কাদের ফরাজী এর ছেলে জনাব মোঃ উমর ফারুককে নিয়োগ ছাড়াই সহকারী মৌলভী পদে কর্মরত দেখাইয়া বিধি বর্হিভূতভাবে কমিটি গঠনের অপচেষ্টায় লিপ্ত আছে মর্মে উল্লেখ করা হয়।

উল্লিখিত অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুরকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর, শেরপুর এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সুপার জনাব মোঃ হামিদুল ইসলাম কর্তৃক আনীত অভিযোগ সঠিক বিধায় দাখিলকৃত নিয়মিত কমিটি অনুমোদন না দেয়ার বিষয়ে সুপারিশ করেন।

বর্ণিত অবস্থায় প্রতিবেদনের সুপারিশের আলোকে ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দাখিলকৃত নিয়মিত ম্যানেজিং কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন দেয়া গেল না। প্রতিষ্ঠান পরিচালনা ও পরবর্তী নিয়মিত কমিটি গঠনের লক্ষ্যে এডহক কমিটি গঠনের অনুমতি চেয়ে অনলাইনে আবেদন দাখিল করার জন্য মাদ্রাসার সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


36.01.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ সুপার, নলবাইদ ইমলামিয়া দাখিল মাদ্রাসা
পোঃ নলবাইদ, উপজেলা: শেরপুর সদর, জেলা: শেরপুর।

নং- বামাশিবো/প্রশা/শেরপুর-১১৫/

তারিখঃ /০১/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, শেরপুর সদর, শেরপুর।
- ২। জেলা শিক্ষা অফিসার, শেরপুর।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শেরপুর সদর।
- ৪। সভাপতি এডহক কমিটি, নলবাইদ ইমলামিয়া দাখিল মাদ্রাসা, পোঃ নলবাইদ, উপজেলা: শেরপুর সদর, জেলা: শেরপুর।
- ৫। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৬। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪